

3 (Sem-2/CBCS) BEN-HG/RC 1

2 0 2 2

BENGALI

Paper : BEN-HG/RC-2016

(লোকসাহিত্য পাঠ)

(Honours Generic/Regular Course)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (যে কোনো দশটি) :

১×১০=১০

(ক) রবীন্দ্রনাথের কাছে কোন্ ছড়াটি বাল্যকালে মোহমস্তের মতো ছিল ?

(খ) “উলু উলু _____ ফুল।
বর আসছে কত দূর ॥”

শূন্যস্থানের শব্দটি লেখো।

(গ) ছড়ার পরিবর্তনশীলতা, বিবিধ বর্ণ, বায়ুস্রোতে যথা ইচ্ছা ভেসে যাওয়া দেখে রবীন্দ্রনাথ ছড়াকে কীসের সঙ্গে তুলনা করেছেন ?

(ঘ) বাংলাদেশে মেয়েকে স্বশুরবাড়ি পাঠানো-বিষয়ক একটি ছড়া উল্লেখ করো।

(2)

- (ঙ) ছেলেভুলানো ছড়ায় খোকাবাবুর জুতাকে কোন শব্দের দ্বারা বোঝানো হয়েছে ?
- (চ) 'কিরণমালা' কাহিনীতে রাজা কেন যুগয়ায় গিয়েছিলেন ?
- (ছ) 'কিরণমালা' কাহিনীতে গৃহস্থের প্রথম মেয়ে কাকে বিয়ে করতে চেয়েছিল ?
- (জ) "ও মা, মা, পুঁটির যে সাধ!!" এখানে 'পুঁটি' কে ?
- (ঝ) মায়াপাহাড়ে গিয়ে অরুণ বরুণ কীসে পরিণত হয়েছিল ?
- (ঞ) 'কিরণমালা' কাহিনীতে অরুণ, বরুণ, কিরণমালার অট্টালিকা তৈরী করতে কতদিন সময় লেগেছিল ?
- (ট) "দুঃখের দেশে দুঃখের নদী
_____ বইয়া যায়।"
- শূন্যস্থানের শব্দটি লেখো।
- (ঠ) 'বাঁচার ভিতর অচিন পানী'—এই বাউল গানে 'আয়না-মহল' কোথায় ছিল বলে কবি উল্লেখ করেছেন ?
- (ড) 'আমি যে গহীন গাঙের নাইয়া'—এই ভাটিয়ালি গানে মাঝির কোন সুরে গান গাওয়ার কথা আছে ?
- (ঢ) 'তোমায় হৃদ মাঝারে রাখিবো' লোকগানে কবি কোথায় গিয়ে পায়ের রান্নাখুলি মাখার কথা বলেছেন ?
- (ণ) "ভুবনো _____ গোরা ... আ"
- শূন্যস্থানের শব্দটি লেখো।

(3)

- ২। নিম্নলিখিত প্রশ্নগুলির সংক্ষেপে উত্তর দাও (যে কোনো পাঁচটি) : $২ \times ৫ = ১০$
- (ক) শিশুকে রবীন্দ্রনাথ কীসের সৃজন বলেছেন? বয়স্ক মানুষ সম্পর্কে এ বিষয়ে লেখকের অভিমত কী ?
- (খ) 'ছেলেভুলানো ছড়া-১' প্রবন্ধের অন্তর্গত ছড়া থেকে দুটি চরিত্রের নাম লেখো।
- (গ) ঘুম পাড়ানো ছড়ায় কবি ঘুমকে কোন পাড়া দিয়ে আসতে বলেছেন? সেই পাড়ায় ছেলোট কীভাবে ঘুমোচ্ছিল ?
- (ঘ) ব্রাহ্মণ নদীর ঘাটে মাটির ভাঁড়ে পাওয়া প্রথম দুটি শিশুর কী নাম রেখেছিলেন ?
- (ঙ) রাণীর বড় দুই বোন স্বামীর বাড়িতে গিয়ে কী খেতে পছন্দ করত ?
- (চ) 'সাত ভাই চম্পা' কাহিনীতে রাজার কতজন রাণী ছিলেন? রাজা কোন রাণীকে সবচেয়ে বেশি ভালোবাসতেন ?
- (ছ) 'তোমায় হৃদ মাঝারে রাখিবো ছেড়ে দেবো না' এই লোকগানটিতে 'চাঁদ গৌড়' কার প্রেমে মাতোয়ারা ছিলেন? এমতাবস্থায় কবি কী করতে চাইছেন ?
- (জ) 'আমি যে গহীন গাঙের নাইয়া'—এই লোকগানটিতে কবি ভাটির টানে কীভাবে নৌকা বাইতে চাইছেন ?
- ৩। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $৫ \times ৪ = ২০$
- (ক) রবীন্দ্রনাথ ঠাকুরের 'ছেলেভুলানো ছড়া-১' প্রবন্ধের অন্তর্ভুক্ত 'যমুনাবতী সরস্বতী কাল যমুনার বিয়ে' ছড়াটির বিষয়বস্তু লেখো।

(খ) রবীন্দ্রনাথ বালকের বালির ঘর তৈরী প্রসঙ্গে যে অভিমত ব্যক্ত করেছেন তা তাঁর ‘ছেলেভুলানো ছড়া-১’ প্রবন্ধ অনুসরণে বুঝিয়ে লেখো।

(গ) ‘নোটন নোটন পায়রাগুলি ঝাঁটন বেঁধেছে।’ ছড়াটি সম্পর্কে রবীন্দ্রনাথের ব্যাখ্যা তুলে ধরো।

(ঘ) ব্রাহ্মণের বাড়িতে তিন ভাই বোন কীভাবে তাদের বাল্যকাল অতিবাহিত করেছিল ‘কিরণমালা’ কাহিনি অবলম্বনে সে বিষয়ে লেখো।

(ঙ) ‘কিরণমালা’ কাহিনিতে রাণীর সন্তান হলে তার বড় দুই বোন কী আচরণ করেছিল সে বিষয়ে বুঝিয়ে লেখো।

(চ) ‘সাত ভাই চম্পা’ কাহিনিতে রাজা ছোটরাণীকে রাজপুরী থেকে তাড়িয়ে দিয়েছিলেন কেন, লেখো।

(ছ) “মন তুই রইলি খাঁচার আশে
খাঁচা যে তোর কাঁচা বাঁশে”

পংক্তি দুটির অন্তর্নিহিত তাৎপর্য ব্যাখ্যা করো।

(জ) ‘আমি যে গহীন গাঙের নাইয়া’—এই লোকগানটি অবলম্বনে কবির নৌকা বাওয়ার বর্ণনা দাও।

৪। নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও (যে কোনো চারটি) : $10 \times 8 = 80$

(ক) ‘খোকা যাবে মাছ ধরতে ক্ষীরনদীর কূলে’—এই ছড়াটির অন্তর্নিহিত তাৎপর্য ও কাব্যসৌন্দর্য রবীন্দ্রনাথের ‘ছেলে-ভুলানো ছড়া-১’ অবলম্বনে স্পষ্ট করো।

(খ) ‘ছেলেভুলানো ছড়া-১’ প্রবন্ধের অন্তর্ভুক্ত ছড়াগুলির মধ্যে পল্লীজীবনের যে চিত্র ফুটে উঠেছে সে সম্পর্কে প্রাবন্ধিকের অভিমত যথাযথভাবে ব্যক্ত করো।

(গ) “ছড়া চিরকাল ধরিয়া শিশুদের মনোরঞ্জন করিয়া আসিতেছে।” ছড়ার শিশু-মনোরঞ্জন করার গুণাবলি রবীন্দ্রনাথের ‘ছেলেভুলানো ছড়া-১’ প্রবন্ধ অনুসরণে বুঝিয়ে লেখো।

(ঘ) ‘ছেলেভুলানো ছড়া-১’ অবলম্বনে প্রাবন্ধিক রবীন্দ্রনাথের বিশেষত্ব তুলে ধরো।

(ঙ) ‘ঠাকুরমার ঝুলি’ গ্রন্থের ‘কিরণমালা’ কাহিনির রাজা চরিত্রের বৈশিষ্ট্য আলোচনা করো।

(চ) ‘কিরণমালা’ কাহিনিতে তিন বোনের সম্পর্কের স্বরূপ আলোচনা করো।

(ছ) ‘ঠাকুরমার ঝুলি’ গ্রন্থের ‘সাত ভাই চম্পা’ কাহিনির বিষয়বস্তু নিজের ভাষায় বুঝিয়ে লেখো।

(জ) বাউল গান বলতে কী বোঝ? তোমার পঠিত বাউলগান অবলম্বনে বাউলগানের বিশেষত্ব স্পষ্ট করো।

(ঝ) ‘তোমায় হৃদ মাঝারে রাখিবো ছেড়ে দেবো না’ এই লোকগানটির মূল বক্তব্য নিজের ভাষায় লেখো।

(ঞ) বাউল, ভাটিয়ালি গানকে লোকগান বলা হয় কেন সে সম্পর্কে যুক্তিসহ আলোচনা করো।